



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিলবা/এ, ঢাকা-১০০০।

এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।

ফোন : ০২২২৩৩৮৪৫৩৯; ই-মেইল : dgmengineering@krishibank.org.bd

প্রকা/ইইডি-৪(৬)/২০২২-২০২৩/৩৬৭

তারিখঃ ০৩/১১/২০২২

মহাব্যবস্থাপক, প্রকা/সকল বিভাগীয় কার্যালয়/এলপিও/স্টাফ কলেজ
সচিব, পর্যদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ৩০ জুন ২০২২ ভিত্তিক অ-ব্যাংকিং সম্পদ বিবরণী প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন এর সার্কুলার লেটার নং ৪৪, তারিখ ১৭/১০/২০২১ এর মাধ্যমে অ-ব্যাংকিং সম্পদ সংক্রান্ত তথ্যাদি প্রতি ষাণ্মাসিক (জুন এবং ডিসেম্বর) শেষ হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংযুক্ত ছক অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের বর্ণিত বিভাগে প্রেরণের বিষয়ে নির্দেশনা রয়েছে। সে মোতাবেক গত ৩০ জুন ২০২২ ভিত্তিক অ-ব্যাংকিং সম্পদ সংক্রান্ত ষাণ্মাসিক বিবরণী বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে। উক্ত বিবরণী মোতাবেক অত্র ব্যাংক ১২ বছরের অধিক সময় ধরে ৬.৬০ কোটি টাকার অ-ব্যাংকিং সম্পদ ধারণ করছে, যা ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ১০ এর পরিপন্থী হওয়ায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাখ্যা চাওয়া হয়েছে।

০৩। উক্ত ব্যাখ্যার জবাব প্রদানকালে উল্লেখ করা হয় যে, আদালতের রায় প্রাপ্ত হয়ে ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ত্ব নিশ্চিতকরণসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্ন করার পূর্বেই অ-ব্যাংকিং সম্পদসমূহ হিসাবভুক্ত করায় তা ১২(বার) বছর অধিক সময় ধরে ব্যাংকের অধীনে রয়েছে এবং বর্তমানে প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্নকরত ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ১০ ধারা মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে সম্পত্তিসমূহ বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। এতদবিষয়ে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক অতিদ্রুত প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে নিষ্পত্তির প্রক্রিয়া জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করে।

০৪। এমতাবস্থায়, আদালতের রায় প্রাপ্ত অ-ব্যাংকিং সম্পদসমূহ অতিদ্রুত সময়ের মধ্যে ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ত্ব নিশ্চিতকরণসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্নকরত ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ১০ ধারা মোতাবেক বিক্রয়ের কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে নিষ্পত্তির প্রক্রিয়া জোরদার করার জন্য নির্দেশনা দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


(মোঃ আনোয়ারুল আজিম খান)

উপ-মহাব্যবস্থাপক

চলমান পাতা ০২

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ হলো।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র ব্যাংকের অনুকূলে আদালতের রায় প্রাপ্ত সম্পত্তিসমূহ ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ব (Physical Possession) নিশ্চিতকরনসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে যথাযথ আইনী সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র ব্যাংকের অনুকূলে আদালতের রায় প্রাপ্ত সম্পত্তিসমূহ ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ব (Physical Possession) নিশ্চিতকরনসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্নকরণের পর ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ১০ ধারা মোতাবেক বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। বিআরপিডি সার্কুলার লেটার নং ২২ এ নির্দেশিত শর্তসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক অ-ব্যাংকিং সম্পদসমূহ ব্যাংকের ব্যালেন্স সীটে ১৩৬ (Assets Acquired in Settlement Loan) খাতে অন্তর্ভুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


০৩/১১/২০২২
(ফাতিমা রাব্বি আহসান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা